গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ
দক্ষিণ নগর ভবন ১৩তলা, ফুলবাড়িয়া, ঢাকা-১০০০
ওয়েবসাইট: www.dtca.gov.bd

নম্বর ৩৫.০২.০০০০.০০২.০৬.০০১.২০২০.৪২২ তারিখ: ০১ ডিসেম্বর ২০২০ খ্রিস্টাব্দ।

বিষয়: ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে গত ৮ নভেম্বর, ২০২০ তারিখে নির্বাহী পরিচালক মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীতে উল্লিখিত স্ব-স্ব বিষয়ের উপর পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও আগামী ০৩/১২/২০২০ তারিখের মধ্যে সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন ই-নথির মাধ্যমে প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

২। সমন্বয় সভার কার্যবিবরণীতে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন বিষয়ে কোন সংশ্লিষ্টতা না থাকলে উল্লিখিত সময়ের মধ্যে শূণ্য প্রতিবেদন প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

মোঃ হেমায়েত হোসেন
পরিচালক (প্রশাসন)
ফোন: ৯৫৬৮৬৪৩

বিতরণ: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ: যুগ্মসচিব, সমন্বয় ও প্রশিক্ষণ অধিশাখা)।
২। নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ।
৩। প্রকল্প পরিচালক, ডিএমআরটিডিপি (MRT Line-6), প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন, ঢাকা।
৪। অতিরিক্ত নির্বাহী পরিচালক, পিএন্ডপি/ম্যাস ট্রানজিট/টিএমপিটিআই, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ।
৫। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
৬। ট্রাফিক ইঞ্জিনিয়ার, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ।
৭। ট্রাফিক এনফোর্সমেন্ট অফিসার, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ।
৮। ট্রেনিং এ্যাডভাইজার, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ।
৯। আরবান প্ল্যানার, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ।
১০। হিসাব ও অর্থ কর্মকর্তা, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ।
১১। পলিউশন কন্ট্রোল প্ল্যানিং অফিসার, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ।
১২। ট্রান্সপোর্ট প্ল্যানার, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ।
১৩। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৪। সকল কর্মকর্তা (ডিটিসিএ) জনাব/বেগম -----------------------------------------------------------।
১৫। মাস্টার কপি।
১৬। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ

**অক্টোবর ২০২০ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী**

মুজিব শতবর্ষ MUJIB 100

নম্বর ৩৫.০২.০০০০.০০২.০৬.০০১.২০২০-৪২১ তারিখ: ২৯-১১-২০২০ খ্রিস্টাব্দ।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | খন্দকার রাকিবুর রহমান<br>নির্বাহী পরিচালক, ডিটিসিএ |
| তারিখ | : | ০৮-১১-২০২০ খ্রিষ্টাব্দ |
| সময় | : | সকাল ১০:০০ ঘটিকা |
| স্থান | : | ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ এর সভা কক্ষ |
| উপস্থিতির তালিকা | : | পরিশিষ্ট 'ক'। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন, অতিরিক্ত দায়িত্ব) জনাব এস, এম, রেজাউল করিম সভার আলোচ্যসূচি পর্যায়ক্রমে উপস্থাপন করেন। আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত নিম্নে বর্ণিত হলো:

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১। | বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ। | গত ০৭-১০-২০২০ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী (সেপ্টেম্বর ২০২০) পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে কোন সংশোধন প্রস্তাব পাওয়া যায়নি। | গত ০৭-১০-২০২০ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী (সেপ্টেম্বর ২০২০) নিশ্চিত করা হলো। | |
| ২। | (১) সংশোধিত কৌশলগত পরিবহন পরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনার উদ্দেশ্যে নিয়মিত সভা আয়োজন অব্যাহত থাকবে। | Revised Strategic Transport Plan (RSTP) বাস্তবায়ন বিষয়ে ট্রাফিক ইঞ্জিনিয়ার সভায় জানান যে, ৬ষ্ঠ সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন চেয়ে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা/ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের নিকট পত্র প্রেরণ করা হয়েছে। সংশোধিত কৌশলগত পরিবহন পরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনার জন্য ৭ম সভা অনুষ্ঠানের বিষয়ে তারিখ ও সময় নির্ধারণের জন্য প্রস্তাব প্রেরণ করা হয়েছে। | (১) সংশোধিত কৌশলগত পরিবহন পরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনার উদ্দেশ্যে নিয়মিত সভা আয়োজন অব্যাহত থাকবে। | ট্রাফিক ইঞ্জিনিয়ার |
| | (২) নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এলাকার ট্রান্সপোর্ট মাস্টার প্ল্যান প্রণয়নের লক্ষ্যে TAPP অনুমোদনের বিষয়টি অনুসরণ করতে হবে। | ডিটিসিএ পরিচালনা পরিষদের ১৩তম সভার সিদ্ধান্ত মোতাবেক নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এলাকার ট্রান্সপোর্ট মাস্টার প্ল্যান প্রণয়নের লক্ষ্যে TAPP প্রণয়ন বিষয়ে ট্রাফিক ইঞ্জিনিয়ার জানান যে, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এলাকার ট্রান্সপোর্ট মাস্টার প্ল্যান প্রণয়নের জন্য TAPP প্রস্তুত করে গত ১৯/০২/২০২০ তারিখে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে প্রেরণ করা হয়েছে। TAPP উপর DPP সভা অনুষ্ঠিত হয়েছে। জনবলের প্রস্তাব প্রেরণ করা হয়েছে। TAPP উপর অনুষ্ঠিত ডিপিইসি সভার কার্যবিবরণী পাওয়া গেছে। তদানুসারে TAPP সংশোধন করে গত ১৫/১০/২০২০ তারিখে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। সভাপতি বিষয়টি ফলোআপ করার জন্য মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখায় নিয়মিতভাবে যোগাযোগ রাখার জন্য অনুরোধ করেন। | (২) নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এলাকার ট্রান্সপোর্ট মাস্টার প্ল্যান প্রণয়নের লক্ষ্যে TAPP অনুমোদনের বিষয়টি অনুসরণ করতে হবে। | ট্রাফিক ইঞ্জিনিয়ার |
| ৩। | নিয়মিতভাবে Traffic Management Committee এর সভা আয়োজন এবং সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | অতিরিক্ত নির্বাহী পরিচালক (টিএমপিটিআই) সভায় জানান যে, গত ২৪/০৯/২০২০ তারিখে Traffic Management Committee এর ২৬তম সভা অনুষ্ঠিত হয়েছে। সভার কার্যবিবরণী জারি করা হয়েছে। নিয়মিতভাবে Traffic Management Committee এর সভা আয়োজন, সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন বিষয়ে অগ্রগতি অব্যাহত সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা/ফোকাল পয়েন্ট-দের নিকট পত্র প্রেরণ এবং সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে তৎপরতা অব্যাহত রাখতে সভাপতি অভিমত ব্যক্ত করেন। | (১) নিয়মিতভাবে Traffic Management Committee এর সভা আয়োজন এবং সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন বিষয়ে তৎপরতা অব্যাহত রাখতে হবে।<br>(২) সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন বিষয়ে অগ্রগতি প্রতিবেদন প্রাপ্তির লক্ষ্যে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা/ফোকাল পয়েন্ট-দের নিকট পত্র প্রেরণ করতে হবে। | (১) অতিরিক্ত নির্বাহী পরিচালক (টিএমপিটিআই)<br>(২) ট্রাফিক এনফোর্সমেন্ট অফিসার<br>(৩) সহকারী ট্রাফিক ইঞ্জিনিয়ার |

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৪। | ২০১২ হতে ২০১৮ সাল পর্যন্ত রাজউক কর্তৃক দশ তলা বা তদূর্দ্ধ অনুমোদিত ভবনের পূর্ণাঙ্গ বা আংশিক তালিকা আগামী ৭ (সাত) দিনের মধ্যে সংগ্রহ করতে হবে। | আরবান প্ল্যানার জানান যে, ২০১২ হতে ২০১৮ সাল পর্যন্ত রাজউক কর্তৃক দশ তলা বা তদূর্দ্ধ অনুমোদিত ভবনের তালিকা ডিটিসিএ-তে প্রেরণের অনুরোধ জানিয়ে সর্বশেষ গত ১৭-০৯-২০২০ তারিখে চেয়ারম্যান, রাজউক বরাবর তাগিদপত্র প্রেরণ করা হয়েছে। গত ০৬-১০-২০২০ তারিখে সহকারী আরবান প্ল্যানার ও আরবান প্ল্যানার এবং পরবর্তীতে ডেপুটি আর্কিটেক্ট ও সহকারী আর্কিটেক্ট রাজউকের সংশ্লিষ্ট শাখায় দেখা করেন। যোগাযোগ করে জানা যায় যে, উক্ত তথ্য সংগ্রহের জন্যে রাজউকের পরিচালক, উন্নয়ন নিয়ন্ত্রণ রাজউকের জোনাল অথরাইজড অফিসারের নিকট চিঠি প্রদান করেছেন। গত ২৯-১০-২০২০ তারিখে ডেপুটি আর্কিটেক্ট ও ডেপুটি আরবান প্ল্যানার পুনরায় রাজউকে গিয়ে জানতে পারেন উল্লিখিত বিষয়ে এখনো কোন অগ্রগতি হয়নি। উল্লিখিত সময়কালে রাজউক কর্তৃক অনুমোদিত পূর্ণাঙ্গ বা আংশিক তালিকা সংগ্রহ করার জন্য প্রচেষ্টা অব্যাহত রাখতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। | ২০১২ হতে ২০১৮ সাল পর্যন্ত রাজউক কর্তৃক অনুমোদিত দশ তলা বা তদূর্দ্ধ ভবনের পূর্ণাঙ্গ বা আংশিক তালিকা সংগ্রহ করার প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। | (১) অতিরিক্ত নির্বাহী পরিচালক (টিএমপিটিআই)<br>(২) আরবান প্ল্যানার<br>(৩) সহকারী আরবান প্ল্যানার |
| ৫। | Traffic Circulation Clearance অন-লাইন সেবা প্রদানের লক্ষ্যে পরামর্শক নিয়োগ কার্যক্রম দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | অতিরিক্ত নির্বাহী পরিচালক (টিএমপিটিআই) জানান যে, Traffic Circulation Clearance অন-লাইন সেবা প্রদানের লক্ষ্যে পরামর্শক নিয়োগ সম্পন্ন হয়েছে। Traffic Circulation Clearance অন-লাইন সেবা প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় সকল কার্যক্রম দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য সভাপতি অভিমত ব্যক্ত করেন। | Traffic Circulation Clearance অন-লাইন সেবা প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় সকল কার্যক্রম দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | (১) অতিরিক্ত নির্বাহী পরিচালক (টিএমপিটিআই)<br>(২) আরবান প্ল্যানার<br>(৩) সহকারী আরবান প্ল্যানার<br>(৪) সহকারী আর্কিটেক্ট |
| ৬। | সেবা প্রক্রিয়াসহ ডিটিসিএ অধিভুক্ত এলাকার Traffic Circulation ছাড়পত্র প্রণয়ন/প্রদান পদ্ধতি সংক্রান্ত খসড়া গাইড লাইন আগামী ৩০ অক্টোবর, ২০২০ সময়ের মধ্যে চূড়ান্ত করতে হবে। | অতিরিক্ত নির্বাহী পরিচালক (টিএমপিটিআই) সভায় জানান যে, সেবা প্রক্রিয়াসহ খসড়া Traffic Circulation গাইড লাইন প্রস্তুত করা হয়েছে। গত ২৭-০৯-২০২০ তারিখে অতিরিক্ত নির্বাহী পরিচালক (পিএন্ডপি) এর সভাপতিত্বে Traffic Circulation গাইড লাইন বিষয়ে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। খসড়া গাইড লাইন এবং সেবা প্রক্রিয়া বিষয়ে অংশীজনের মতামত গ্রহণ করা হয়েছে। ডিটিসিএ অধিভুক্ত এলাকার Traffic Circulation ছাড়পত্র প্রণয়ন/প্রদান পদ্ধতি সংক্রান্ত খসড়া গাইড লাইন দ্রুততম সময়ের মধ্যে চূড়ান্ত করার জন্য সভাপতি অভিমত ব্যক্ত করেন। | সেবা প্রক্রিয়াসহ ডিটিসিএ অধিভুক্ত এলাকার Traffic Circulation ছাড়পত্র প্রণয়ন/প্রদান পদ্ধতি সংক্রান্ত খসড়া গাইড লাইন দ্রুততম সময়ের মধ্যে চূড়ান্ত করতে হবে। | ১। অতিরিক্ত নির্বাহী পরিচালক (টিএমপিটিআই)<br>২। আরবান প্লানার<br>৩। সহকারী আরবান প্লানার |
| ৭। | দ্রুততম সময়ের মধ্যে TIA গাইড লাইন চূড়ান্ত করতে হবে। | অতিরিক্ত নির্বাহী পরিচালক (টিএমপিটিআই) সভায় জানান যে, প্রাথমিকভাবে ডিটিসিএ'র অফিসার কর্তৃক TIA গাইড লাইন পর্যালোচনা কার্যক্রম চলমান আছে। বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের আরবান এ্যান্ড রিজিওনাল প্ল্যানিং বিভাগের প্রফেসরের সহায়তায় তার বিশেষজ্ঞ মতামত গ্রহণ করে TIA গাইড লাইন চূড়ান্ত করণের লক্ষ্যে ০৫/১০/২০২০ তারিখে একটি জুম সভা অনুষ্ঠিত হয়েছে। TIA গাইড লাইন চূড়ান্ত করতে একটু সময় লাগবে বলে তিনি সভাকে অবহিত করেন।<br><br>TIA গাইড লাইন চূড়ান্ত করতে দীর্ঘ সময় বিলম্ব হওয়ায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। আগামী ৭ (সাত) দিনের মধ্যে TIA গাইড লাইন বিষয়ে বিস্তারিত ভাবে নোট উপস্থাপন এবং ২ (দুই) মাসের মধ্যে TIA গাইড লাইন চূড়ান্ত করার বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন। | আগামী ৭ (সাত) দিনের মধ্যে TIA গাইড লাইন বিষয়ে বিস্তারিত ভাবে নোট উপস্থাপন এবং ২ (দুই) মাসের মধ্যে TIA গাইড লাইন চূড়ান্ত করতে হবে। | ১। অতিরিক্ত নির্বাহী পরিচালক (টিএমপিটিআই)<br>২। ট্রাফিক ইঞ্জিনিয়ার<br>৩। আরবান প্ল্যানার |

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৮। | আগামী ০৪-১১-২০২০ তারিখের মধ্যে বাৎসরিক সেমিনার/ওয়ার্কশপ /প্রশিক্ষণ ক্যালেন্ডার চূড়ান্ত করতে হবে। | বাৎসরিক সেমিনার/ওয়ার্কশপ/প্রশিক্ষণ আয়োজনের ক্যালেন্ডার প্রস্তুতির অগ্রগতি বিষয়ে ট্রেনিং এ্যাডভাইজার জানান যে, কর্মশালা, সেমিনার ক্যালেন্ডার চূড়ান্ত করা হয়েছে। প্রশিক্ষণ সমূহ চূড়ান্তকরণের কাজ চলমান আছে। দ্রুততম সময়ের মধ্যে বাৎসরিক প্রশিক্ষণ ক্যালেন্ডার চূড়ান্ত করার জন্য সভাপতি অভিমত ব্যক্ত করেন। | দ্রুততম সময়ের মধ্যে বাৎসরিক প্রশিক্ষণ ক্যালেন্ডার চূড়ান্ত করতে হবে। | (১) ট্রেনিং এ্যাডভাইজার<br>(২) সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| ৯। | ডিজিটাল পার্কিং সিস্টেম বিষয়ে রাইড শেয়ার প্রতিষ্ঠানদের নিয়ে একটি সভা আয়োজন করতে হবে। | BRTA-কে আলোচক হিসেবে অন্তর্ভুক্ত করে BRTA, ওবারসহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান-কে নিয়ে Parking spot এর কার্যক্রম digitalized করার বিষয়ে সভায় জানানো হয় যে, গত ১২-১০-২০২০ তারিখে ডিজিটাল পার্কিং সিস্টেম বিষয়ে রাইড শেয়ার প্রতিষ্ঠানদের নিয়ে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। ডিজিটাল পার্কিং সিস্টেম বিষয়ে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের তৎপরতা অব্যাহত রাখতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। | ডিজিটাল পার্কিং সিস্টেম বিষয়ে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের তৎপরতা অব্যাহত রাখতে হবে। | আরবান প্ল্যানিং অধিশাখা |
| ১০। | **বার্ষিক কর্মসম্পাদন চুক্তি**<br>২০২০-২০২১ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর লক্ষ্য মাত্রা অর্জন করতে হবে। | সভায় জানানো হয় যে, ২৮-০৭-২০২০ তারিখে APA স্বাক্ষরিত হয়েছে। গত ০৭/১০/২০২০ তারিখে প্রথম কোয়ার্টারের প্রতিবেদন সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ বরাবর প্রেরণ করা হয়েছে। ২০২০-২০২১ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর লক্ষ্য মাত্রা অর্জন কার্যক্রম চলমান আছে। | ২০২০-২০২১ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর লক্ষ্য মাত্রা অর্জন করতে হবে। | (১) APA ফোকাল পয়েন্ট<br>(২) সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| ১১। | (১) ই-নথির মাধ্যমে কর্ম সম্পাদন বাড়াতে আগামী ৫ (পাঁচ) দিনের মধ্যে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের নির্দেশনা জারি করতে হবে। | পরিচালক (প্রশাসন) জানান যে, ডিটিসিএ-তে ই-নথির মাধ্যমে কর্ম সম্পাদন বৃদ্ধির জন্য গত ১২-১০-২০২০ তারিখে সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারীদের নির্দেশনা প্রদান পূর্বক অফিস আদেশ জারি করা হয়েছে। | বাস্তবায়িত | পরিচালক (প্রশাসন)<br>(২) সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| | (২) শাখা ওয়ারী ই-নথিতে কর্মসম্পাদনের পারফরম্যান্স তালিকা পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | শাখা ওয়ারী ই-নথিতে কর্মসম্পাদনের পারফরম্যান্স তালিকা পরবর্তী সভায় উপস্থাপন করার জন্য সভাপতি সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করেন। | শাখা ওয়ারী ই-নথিতে কর্মসম্পাদনের পারফরম্যান্স তালিকা পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | (১) প্রোগ্রামার<br>(২) সহকারী প্রোগ্রামার |
| ১২। | (১) নির্মাণাধীন ডিটিসিএ অফিস ভবন মাসিক পরিদর্শন অব্যাহত থাকবে। | ট্রান্সপোর্ট প্ল্যানার জানান যে, গত ২৮/১০/২০২০ তারিখ বিকাল ০৩:০০ ঘটিকায় পরিদর্শন টিম ডিটিসিএ'র নির্মাণাধীন অফিস ভবন পরিদর্শন করে। সরেজমিনে পরিদর্শন করে দেখা যায় যে, ভবনটির ফ্লোরের ব্রিক ওয়াল এর কাজ সম্পন্ন হয়েছে। দশম, একাদশ এবং দ্বাদশ ফ্লোরের ব্রিক ওয়াল ও ড্রপ ওয়াল প্লাস্টারের এর কাজ চলছে। চৌকাঠ বসানোর কাজ চলছে। জেনারেটর বসানোর প্রস্তুতি চলছে। ওয়ালে ইলেকট্রিক পাইপ ফিটিং এর কাজ চলছে। সেনিটারি ফিটিং এর পাইপ লাগানোর কাজ চলছে। পরিদর্শন টিম কর্তৃক অফিস ভবনের চলমান কাজের তোলা ছবি এবং অগ্রগতি ছক পরিদর্শন প্রতিবেদনের সাথে সংযুক্ত করেছেন। | (১) নির্মাণাধীন ডিটিসিএ অফিস ভবন মাসিক পরিদর্শন অব্যাহত থাকবে। | ট্রান্সপোর্ট প্ল্যানার |
| | (২) ডিটিসিএ অফিস ভবন নির্মাণ কাজের অগ্রগতি বিষয়ে ১০-০৯-২০২০ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পেশ করতে হবে। | ডিটিসিএ অফিস ভবন নির্মাণ কাজের অগ্রগতি বিষয়ে গত ১০-০৯-২০২০ তারিখে সড়ক ও জনপথ অধিদপ্তর পরামর্শক প্রতিষ্ঠান, ঠিকাদারী প্রতিষ্ঠান ও ডিটিসিএ'র কর্মকর্তাবৃন্দের সাথে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। অতিরিক্ত নির্বাহী পরিচালক (টিএমপিটিআই) জানান যে, অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর জন্য সওজ কে অনুরোধ করা হয়েছে। | (২) ডিটিসিএ অফিস ভবন নির্মাণ কাজের অগ্রগতি বিষয়ে ১০-০৯-২০২০ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পেশ করতে হবে। | (১) অতিরিক্ত নির্বাহী পরিচালক (টিএমপিটিআই)<br>(২) ট্রাফিক ইঞ্জিনিয়ার<br>(৩) ট্রান্সপোর্ট প্ল্যানার<br>(৪) ডেপুটি আর্কিটেক্ট<br>(৫) সহকারী আর্কিটেক্ট |

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | (৩) প্রতিমাসে নিয়মিতভাবে ডিটিসিএ অফিস ভবনের নির্মাণ কাজ পরিদর্শন এবং প্রতিমাসে অফিস ভবন নির্মাণ কাজের অগ্রগতি নিয়ে আলাদাভাবে সভা আয়োজন অব্যাহত থাকবে। | অতিরিক্ত নির্বাহী পরিচালক (টিএমপিটিআই) জানান যে, প্রতিমাসে নিয়মিতভাবে ডিটিসিএ অফিস ভবনের নির্মাণ কাজ পরিদর্শন করা হয় এবং প্রতিমাসে অফিস ভবন নির্মাণ কাজের অগ্রগতি নিয়ে আলাদাভাবে সভা আয়োজন করা হচ্ছে। প্রতিমাসে নিয়মিতভাবে ডিটিসিএ অফিস ভবনের নির্মাণ কাজ পরিদর্শন এবং প্রতিমাসে অফিস ভবন নির্মাণ কাজের অগ্রগতি নিয়ে আলাদাভাবে সভা আয়োজন অব্যাহত রাখতে সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করা হয়। | (৩) প্রতিমাসে নিয়মিতভাবে ডিটিসিএ অফিস ভবনের নির্মাণ কাজ পরিদর্শন এবং প্রতিমাসে অফিস ভবন নির্মাণ কাজের অগ্রগতি নিয়ে আলাদাভাবে সভা আয়োজন অব্যাহত থাকবে। | |
| | (৪) নির্মাণাধীন ডিটিসিএ অফিস ভবনের মাসিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন সফটকপি ও হার্ডকপি ডিটিসিএ-তে প্রেরণ করতে হবে। | অক্টোবর ২০২০ মাসের শেষ সপ্তাহে Sub-Station এর ২টি Transformer সাইটে এসেছে। আগামী ডিসেম্বর ২০২০ মাসে Switch gear সাইটে আসবে। সেপ্টেম্বর ২০২০ এর মধ্যে 12th ফ্লোরের ড্রপ ওয়াল ও ওভারহেড ওয়াটার ট্যাংক সহ ডিটিসিএ বিল্ডিং এর সমস্ত ঢালাই সম্পূর্ণ হয়েছে। Outer ড্রপ ওয়াল এর প্লাষ্টারের কাজ চলছে। মসজিদ বিল্ডিং এর Outer শেয়ার ওয়াল এবং Grade Beam এর ঢালাই চলছে। অক্টোবর ২০২০ মাস পর্যন্ত কাজের সার্বিক অগ্রগতি হয়েছে ৫৮.১৮১%। সেপ্টেম্বর ২০২০ পর্যন্ত কাজের অগ্রগতি ছিল ৫৬.৮৬৬%। অক্টোবর ২০২০ মাসে কাজের সার্বিক অগ্রগতি হয়েছে ১.৩১৫%। | (৪) নির্মাণাধীন ডিটিসিএ অফিস ভবনের মাসিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন সফটকপি ও হার্ডকপি ডিটিসিএ-তে প্রেরণ করতে হবে। | সড়ক ও জনপথ অধিদপ্তর |
| ১৩। | **অডিট আপত্তি**<br>অডিট আপত্তি নিস্পত্তির লক্ষ্যে মন্ত্রণালয়ের সাথে নিয়মিত যোগাযোগ রাখতে হবে। | DUTP প্রকল্পের ৯টি অডিট আপত্তি নিস্পত্তির জন্য উচ্চ পর্যায়ে ত্রি-পক্ষীয় সভা আহবানের জন্য ৩১-০৮-২০২০ তারিখে মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। উক্ত পত্রের আলোকে ত্রি-পক্ষীয় সভা আহবানের জন্য হিসাব ও অর্থ কর্মকর্তা, গত ২০-১০-২০২০ তারিখে মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব, ও প্রশাসনিক কর্মকর্তা, অডিট শাখা এর সাথে সরাসরি যোগাযোগ করেন। ত্রি-পক্ষীয় সভার কার্যপত্র সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পুনরায় অনুরোধ করা হয়েছে। | অডিট আপত্তি নিস্পত্তির লক্ষ্যে মন্ত্রণালয়ের সাথে নিয়মিত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | (১) হিসাব ও অর্থ কর্মকর্তা<br>(২) সিনিয়র সহকারী হিসাব ও অর্থ কর্মকর্তা |
| ১৪। | **জনবল নিয়োগ কার্যক্রম**<br>(১) ডিটিসিএ'র বিদ্যমান জনবলের মধ্যে শূণ্য পদসমূহে মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক নিয়োগ/পদায়ন/পদোন্নতির কার্যক্রম দ্রুত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।<br><br>(২) ১১ হতে ১৭ গ্রেডভূক্ত পদের নিয়োগ কার্যক্রম দ্রুত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | ডিটিসিএ'র সাংগঠনিক কাঠামোভুক্ত অনুমোদিত জনবলের সংখ্যা ২১২, কর্মরত জনবলের সংখ্যা ৯০ জন, শূন্য পদের সংখ্যা ১২২।<br><br>* ট্রান্সপোর্ট ইঞ্জিনিয়ার পদে প্রেষণে কর্মকর্তা বদলি/পদায়ন করার জন্য সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ-কে অনুরোধ জানিয়ে ২৩-০৮-২০২০ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে।<br><br>* গত ০৯-০৬-২০২০ তারিখে ৩টি পদে প্রেষণে কর্মকর্তা বদলি/পদায়ন করার জন্য সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ-কে অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করা হয়। ইতোমধ্যে পরিচালক (প্রশাসন) এবং ট্রেনিং এ্যাডভাইজার পদে ২জন কর্মকর্তা-কে প্রেষণে পদায়ন করা হয়েছে। উপ-পরিচালক (প্রশাসন) পদে এখনও কর্মকর্তা পদায়ন করা হয়নি।<br><br>* ৪র্থ গ্রেডভুক্ত ৪টি, ৫ম গ্রেডভুক্ত ৪টি ও ৭ম গ্রেডভুক্ত ১টি পদ জরুরি ভিত্তিতে প্রেষণে নিয়োগ/পদায়নের জন্য সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ-কে অনুরোধ পূর্বক পত্র প্রেরণ করা হয়েছে। | (১) ডিটিসিএ'র বিদ্যমান জনবলের মধ্যে শূন্য পদ সমূহে মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক নিয়োগ/পদায়ন/পদোন্নতির কার্যক্রম দ্রুত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।<br><br>(২) ১১ হতে ১৭ গ্রেডভুক্ত পদের নিয়োগ কার্যক্রম দ্রুত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | পরিচালক (প্রশাসন) |

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | * ৭ম হতে ১৭তম গ্রেডভুক্ত ৩১টি বিভিন্ন পদে মোট ৪২ (বিয়াল্লিশ) জন জনবল নিয়োগের লক্ষ্যে পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশিত হয়। ইতোমধ্যে ৭ম গ্রেডভুক্ত ১৩ জন এবং ৯ম গ্রেডভূক্ত ৫ জন মোট ১৮জন জনবল নিয়োগ কার্যক্রম সম্পন্ন হয়েছে। ৯ম গ্রেডভূক্ত ২টি পদে নিয়োগ কার্যক্রম চূড়ান্ত পর্যায়ে আছে। ১১ হতে ১৭ গ্রেডভূক্ত পদের প্রার্থীদের লিখিত পরীক্ষা সম্পন্ন হয়েছে। ১০ম গ্রেডভুক্ত পদের প্রার্থীদের লিখিত পরীক্ষার কার্যক্রম চলমান আছে।<br><br>* মহামান্য হাইকোর্টের রায়/আদেশ প্রতিপালনের লক্ষ্যে গাড়ীচালকের ১টি এবং অফিস সহায়ক এর ৭টি মোট ৮ (আট) টি পদ রাজস্ব খাতে অস্থায়ীভাবে সৃজনের লক্ষ্যে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সদয় বিবেচনা ও সুপারিশ গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে গত ২৩-০৮-২০২০ তারিখে প্রস্তুতকৃত সার-সংক্ষেপ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।<br><br>* আউটসোর্সিং পদ্ধতির মাধ্যমে সৃজিত ২০টি অফিস সহায়ক পদের মধ্যে মামলায় অন্তর্ভুক্ত ৭টি অফিস সহায়ক পদ ব্যতিত অবশিষ্ট ১৩টি অফিস সহায়কের পদ রাজস্বখাতে অস্থায়ীভাবে সৃজনে জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুসারে ২০তম গ্রেডে বেতন স্কেল নির্ধারণে অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগ সম্মতি জ্ঞাপন করেছে। অফিস সহায়কের ১৩টি পদের আউটসোর্সিং নিয়োগ পদ্ধতির শর্ত প্রত্যাহারে রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান শাখা-৪, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের সম্মতি প্রাপ্তির লক্ষ্যে গত ২০-০৯-২০২০ তারিখে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।<br><br>* ডিটিসিএ কর্মচারি চাকুরি প্রবিধানমালা ২০২০ অনুসারে পদোন্নতিযোগ্য এবং অবশিষ্ট সরাসরি নিয়োগযোগ্য পদ সমূহে জনবল নিয়োগ/পদায়নের কার্যক্রম চলমান আছে। | | |
| ১৫। | মাসের ৩ তারিখের মধ্যে পূর্ববর্তী সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ই-নথিতে প্রশাসন শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে। | মাসিক সমন্বয় সভার অনুমোদিত কার্যবিবরণীতে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নিয়মিতভাবে প্রশাসন শাখায় ই-মেইল এবং ই-নথির মাধ্যমে প্রেরণ সংক্রান্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। পরিচালক (প্রশাসন) জানান যে, অক্টোবর ২০২০ মাসে সীমিত সংখ্যক কর্মকর্তাগণ ই-নথির মাধ্যমে সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করেছেন। মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীতে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন মাসের ৩ তারিখের মধ্যে ই-মেইল এবং ই-নথিতে প্রশাসন শাখায় প্রেরণ করার জন্য সভাপতি সংশ্লিষ্ট সকলকে পুনরায় অনুরোধ করেন। | মাসের ৩ তারিখের মধ্যে পূর্ববর্তী সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ই-নথিতে প্রশাসন শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে। | সকল কর্মকর্তা, ডিটিসিএ |
| ১৬। | **র‍্যাপিড পাস এর প্রচার ও প্রচারণা**<br>Rapid Pass এর কার্যক্রম গতিশীল করার লক্ষ্যে একটি সভা আয়োজন করতে হবে। | সভায় জানানো হয় যে, ক্লিয়ারিং হাউজ ২য় ফেজ প্রকল্পের বিষয়ে ০৮/১০/২০২০ তারিখে JICA'র সাথে একটি ভার্চুয়াল সভা অনুষ্ঠিত হয়েছে। তাছাড়া র‍্যাপিড পাস কার্যক্রম গতিশীল করার লক্ষ্যে একটি বেসরকারি প্রতিষ্ঠান (যাত্রী)-র সাথে ২০/১০/২০২০ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। "যাত্রী" প্রতিষ্ঠানটির মাধ্যমে র‍্যাপিড পাস কার্যক্রম চালু করা সম্ভব হলে একই সময়ে অনেকগুলো বাসে চালু করা সম্ভব হবে। এ বিষয়ে প্রতিষ্ঠানটির কার্যক্রম সরেজমিনে ভিজিটসহ পরবর্তী কার্যক্রম চলমান আছে। Rapid Pass এর কার্যক্রম গতিশীল করার লক্ষ্যে একটি সভা আয়োজন করার বিষয়ে সভাপতি পুনরায় অভিমত ব্যক্ত করেন। | Rapid Pass এর কার্যক্রম গতিশীল করার লক্ষ্যে একটি সভা আয়োজন করতে হবে। | অতিরিক্ত নির্বাহী পরিচালক (পিএন্ডপি) |

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১৭। | **বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকী উদযাপন।**<br>(১) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশতবার্ষিকী উদযাপনের লক্ষ্যে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের গাইড লাইন অনুসারে ডিটিসিএ'র কর্মপরিকল্পনা বাস্তবায়ন করতে হবে। | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশতবার্ষিকী উদযাপনের লক্ষ্যে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের নির্দেশনা অনুসারে কার্যক্রম গ্রহণ অব্যাহত আছে। ইতোমধ্যে গত ০৬ অক্টোবর, ২০২০ তারিখ ডিটিসিএ'র কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার নিমিত্ত অভ্যন্তরীণ সভা অনুষ্ঠিত হয়েছে। মন্ত্রণালয়ের গাইড লাইন অনুসারে কর্মসূচি বাস্তবায়ন করা হবে সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশতবার্ষিকী উদযাপন লক্ষ্যে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের গাইড লাইন অনুসারে ডিটিসিএ'র কর্মপরিকল্পনা বাস্তবায়ন করতে হবে। | (১) অতিরিক্ত নির্বাহী পরিচালক (পিএন্ডপি)<br>(২) অতিরিক্ত নির্বাহী পরিচালক (এমটি)<br>(৩) পরিচালক (প্রশাসন)<br>(৪) ডেপুটি ম্যাস ট্রানজিট ইঞ্জিনিয়ার (বিআরটি)<br>(৫) সহকারী ট্রান্সপোর্ট ইঞ্জিনিয়ার |
| ১৮। | **জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS)**<br>জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ এর লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে। | ডেপুটি ম্যাস ট্রানজিট ইঞ্জিনিয়ার (বিআরটি) জানান যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ অর্থ বছরের ১ম প্রান্তিকের (জুলাই-সেপ্টেম্বর/২০২০) বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন প্রমাণকসহ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। গত ১৮ অক্টোবর ২০২০ তারিখে ডিটিসিএ'র ২য় প্রান্তিকের (অক্টোবর-ডিসেম্বর/২০২০) নৈতিকতা কমিটির ১ম সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্ত মোতাবেক শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ এর লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে। | ডেপুটি ম্যাস ট্রানজিট ইঞ্জিনিয়ার (বিআরটি) |
| ১৯। | ডিটিসিএ'র কর্মকর্তাদের জন্য প্রয়োজনীয় সংখ্যক কম্পিউটার ক্রয় দ্রুত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | পরিচালক (প্রশাসন) জানান যে, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) তে অফিসের কাজে ব্যবহৃত কিছু সংখ্যক কম্পিউটার ও ল্যাপটপ অনেক পুরাতন হওয়ায় সেগুলো ব্যবহার করা যাচ্ছে না। ফলে প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তাদের চাহিদা অনুসারে কিছু নতুন কম্পিউটার এবং ল্যাপটপ ক্রয় করার উদ্যোগ নেয়া হয়েছে। এ বিষয়ে গঠিত কমিটি প্রাক্কলন দাখিল করেছে। দাখিলকৃত প্রাক্কলন যাচাই-বাছাই করা হচ্ছে। কম্পিউটার/ল্যাপটপ ক্রয় কার্যক্রম ই-জিপি'র মাধ্যমে সম্পাদন করার জন্য সভাপতি অভিমত ব্যক্ত করেন। | ডিটিসিএ'র কর্মকর্তাদের জন্য প্রয়োজনীয় সংখ্যক কম্পিউটার/ল্যাপটপ ক্রয় কার্যক্রম ই-জিপি'র মাধ্যমে সম্পাদন করতে হবে। | (১) পরিচালক (প্রশাসন)<br>(২) প্রোগ্রামার<br>(৩) সহকারী প্রোগ্রামার |
| ২০। | (১) উন্নয়ন প্রকল্পের মেয়াদ শেষ হলে সমাপ্তকৃত প্রকল্পসমূহ হতে ক্রয়কৃত হস্তান্তরযোগ্য মালামালের তালিকা প্রস্তুত পূর্বক আবশ্যিকভাবে প্রশাসন শাখায় হস্তান্তর করার বিষয়টি নিয়মিতভাবে তদারকি করতে হবে। | ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) এর আওতায় কয়েকটি উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন কাজ চলমান আছে। ইতোমধ্যে কয়েকটি উন্নয়ন প্রকল্পের মেয়াদ সমাপ্ত হয়েছে। উন্নয়ন প্রকল্পের মেয়াদ শেষ হলে সমাপ্তকৃত প্রকল্পসমূহ হতে ক্রয়কৃত হস্তান্তরযোগ্য মালামালের তালিকা প্রস্তুত পূর্বক আবশ্যিকভাবে প্রশাসন শাখায় হস্তান্তর করার বিষয়টি নিশ্চিত করতে হবে। | (১) উন্নয়ন প্রকল্পের মেয়াদ শেষ হলে সমাপ্তকৃত প্রকল্পসমূহ হতে ক্রয়কৃত হস্তান্তরযোগ্য মালামালের তালিকা প্রস্তুত পূর্বক আবশ্যিকভাবে প্রশাসন শাখায় হস্তান্তর করার বিষয়টি নিশ্চিত করতে হবে। | (১) সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক<br>(২) পরিচালক (প্রশাসন) |
| | (২) ডিটিসিএ'র T&OE হালনাগাদ করতে হবে। | পরিচালক (প্রশাসন) জানান যে, ডিটিসিএ'র T&OE হালনাগাদ কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। | (২) ডিটিসিএ'র T&OE হালনাগাদ করতে হবে। | পরিচালক (প্রশাসন) |
| ২১। | ডিটিসিএ'র যানবাহন সংক্রান্ত ডাটাবেজ প্রস্তুত করার উদ্যোগ গ্রহণ করতে হবে। | ডিটিসিএ'র কর্ম-পরিধি বৃদ্ধি পাওয়ার সাথে সাথে যানবাহনের সংখ্যাও বৃদ্ধি পাচ্ছে। এছাড়া ডিটিসিএ-তে ট্রান্সপোর্ট পুল গঠনের উদ্যোগ নেয়া হয়েছে। বর্তমানে ডিটিসিএ'র T&OE ভুক্ত যানবাহনের সংখ্যা ১৯টি। ৪টি যানবাহন T&OE অন্তর্ভুক্ত নয়। ফলে ডিটিসিএ'র যানবাহনের সুষ্ঠু ব্যবস্থাপনার স্বার্থে এ সংক্রান্ত ডাটাবেজ প্রস্তুত করা প্রয়োজন। বিগত সভার সিদ্ধান্ত অনুসারে ডেপুটি ট্রান্সপোর্ট ইঞ্জিনিয়ার ও প্রোগ্রামার জানান যে, ডিটিসএ'র যানবাহন সংক্রান্ত ডাটাবেজ প্রস্তুতকরণের কাজ শুরু করা হয়েছে। | ডিটিসিএ'র যানবাহন সংক্রান্ত ডাটাবেজ প্রস্তুত করার উদ্যোগ গ্রহণ করতে হবে। | (১) ডেপুটি ট্রান্সপোর্ট ইঞ্জিনিয়ার<br>(২) প্রোগ্রামার<br>(৩) সহকারী প্রোগ্রামার |

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | অতিরিক্ত নির্বাহী পরিচালক (পিএন্ডপি) এবং অতিরিক্ত নির্বাহী পরিচালক (ম্যাস ট্রানজিট) ওয়েব অ্যাপ্লিকেশন এর পরিবর্তে ডাটাবেজ প্রস্তুত করার বিষয়ে অভিমত ব্যক্ত করেন। ডিটিসিএ'র যানবাহনের তদারকি/ব্যবস্থাপনার অতিরিক্ত দায়িত্ব প্রাপ্ত ডেপুটি ট্রান্সপোর্ট ইঞ্জিনিয়ার-কে ডিটিসিএ-তে কর্মরত আইটি বিশেষজ্ঞদের সহযোগিতায় যানবাহন ডাটাবেজ প্রস্তুত করার উদ্যোগ গ্রহণ করার জন্য পুনরায় নির্দেশনা প্রদান করা হয়। | | |
| ২২। | **অক্টোবর ২০২০ মাসে ডিটিসিএ'র উল্লেখযোগ্য অর্জন।** প্রতিমাসে ডিটিসিএ-তে উল্লেখযোগ্য অর্জন বিষয়ে কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | পরিচালক (প্রশাসন) জানান যে, "নারী বান্ধব গণপরিবহনঃ সমস্যা ও আশু করণীয়" শীর্ষক কর্মশালা গত ১৯ অক্টোবর, ২০২০ তারিখে ডিটিসিএ-তে অনুষ্ঠিত হয়েছে। কর্মশালা আয়োজন সংক্রান্ত কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সভাপতি সংশ্লিষ্টদের ধন্যবাদ জানান। | প্রতিমাসে ডিটিসিএ-তে উল্লেখযোগ্য অর্জন বিষয়ে কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| ২৩। | বার্ষিক পঞ্জিকা (ক্যালেন্ডার) প্রস্তুত/প্রকাশ। | ডিটিসিএ হতে বার্ষিক পঞ্জিকা (ক্যালেন্ডার) প্রস্তুত/প্রকাশ করার উদ্যোগ গ্রহণ করার জন্য সভাপতি অভিমত ব্যক্ত করেন। হিসাব ও অর্থ কর্মকর্তা জানান যে, এ সংক্রান্ত কার্যক্রম সম্পাদনের জন্য প্রাক্কলন প্রস্তুত কমিটি গঠনের প্রস্তাব অনুমোদনের জন্য নথি উপস্থাপন করা হয়েছে। | বার্ষিক পঞ্জিকা (ক্যালেন্ডার) প্রস্তুত/প্রকাশ করতে হবে। | (১) পরিচালক (প্রশাসন)<br>(২) হিসাব ও অর্থ কর্মকর্তা |

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

/১১/২০

মোঃ জাকির হোসেন মজুমদার
নির্বাহী পরিচালক
(অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ৯৫৬৮৮৩১